তারিখ 13 FEB 2016
পৃষ্ঠা ২ কলাম ৭

দৈনিক
জনকণ্ঠ

# রাজশাহীতে ফেসবুকে হয়রানির শিকার ভার্সিটি ছাত্রী

**স্টাফ রিপোর্টার, রাজশাহী ॥** বরেন্দ্র বিশ্ববিদ্যালয়ের এক ছাত্রী সাইবার অপরাধের শিকার হয়েছেন। এ ঘটনায় প্রতিকার চেয়ে ভুক্তভোগী ছাত্রী বৃহস্পতিবার রাতে নগরীর বোয়ালিয়া মডেল থানায় একটি সাধারণ ডায়েরি (জিডি) করেছেন। জানা গেছে, গত ৮ ফেব্রুয়ারি রাত সাড়ে ৮টায় কে বা কারা ওই ছাত্রীর নাম দিয়ে সামাজিক যোগাযোগ মাধ্যম ফেসবুকে ফেক আইডি খোলে। এরপর ওই আইডি থেকে বিভিন্ন ধরনের অশ্লীল পোস্ট করতে থাকে। এছাড়াও ওই আইডিতে ওই ছাত্রীর মোবাইল ফোন নম্বর প্রকাশ করা হয়। একপর্যায়ে ওই ছাত্রীর কাছে বিভিন্ন স্থান থেকে কল আসতে থাকে।

এ সময় ফোনে তাকে অশ্লীল কথাবার্তা বলে উত্ত্যক্ত করা হয়। তখন ওই শিক্ষার্থী বিষয়টি বুঝতে পারেন। এরপর তিনি তার ঘনিষ্ঠদের মাধ্যমে ফেক আইডিটি বন্ধ করে দেন। এরপরও অপরাধীচক্র ফেসবুকে ওই শিক্ষার্থীর নামে বেশ কয়েকটি ফেক এ্যাকাউন্ট খুলে একইভাবে অশ্লীল পোস্ট দিতে থাকে। এর ফলে ওই শিক্ষার্থীর সামাজিক মর্যাদা ক্ষুণ্ন হচ্ছে বলেও জিডিতে উল্লেখ করা হয়েছে।